



দুই উপ-নির্বাচনে অনিয়ম, এজেন্ট বের করে দেওয়ার অভিযোগ জামায়াতের



জামায়াতে ইসলামীর সংবাদ সম্মেলনে অভিযোগ করেন গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

বগুড়া-৬ ও শেরপুর-৩ আসনের উপ-নির্বাচনকে কেন্দ্র করে বিভিন্ন অনিয়মের অভিযোগ তুলেছে জামায়াত। দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার দাবি করেছেন, ভোটকেন্দ্র থেকে তাদের এজেন্টদের বের করে দেওয়া হয়েছে এবং জাল ভোট দেওয়ার ঘটনাও ঘটেছে।

বৃহস্পতিবার (৯ এপ্রিল) দুপুরে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব অভিযোগ তুলে ধরেন। তার মতে, অনিয়মের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে গেলে দলের নেতাকর্মীদের ওপর হামলার ঘটনাও ঘটেছে।

তিনি আরও অভিযোগ করেন, প্রশাসন কোনো এক পক্ষের নির্দেশে নীরব ভূমিকা পালন করছে। নির্বাচিত সরকারের অধীনে প্রথম উপ-নির্বাচনেই এমন পরিস্থিতি দেখা দিলে ভবিষ্যতের স্থানীয় নির্বাচন নিয়ে উদ্বেগ প্রকাশ করেন তিনি।

অভিযোগে উল্লেখিত কেন্দ্রগুলোর প্রিজাইডিং কর্মকর্তা ও সংশ্লিষ্ট পুলিশ সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্বাচন কমিশনের প্রতি আহ্বান জানান মিয়া গোলাম পরওয়ার। একই সঙ্গে তিনি বলেন, দলটি আবেগতাপ্ত হয়ে কোনো সিদ্ধান্ত নেবে না।